উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আবদুল হাই, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	:	১৩ কার্তিক ১৪২৬ ২৯ অক্টোবর ২০১৯
সময়	:	বিকাল ০৩.০০ টা
স্থান	:	সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে বলেন, ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস বাঙালি জাতির ইতিহাসে একটি বেদনানায়ক দিন। ১৪ ডিসেম্বরের ঘটনা ছিল পৃথিবীর ইতিহাসে জঘণ্যতম এক বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। তিনি আরো বলেন, ১৯৭১ সালের এ দিনে বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে জাতিকে মেধাশূন্য করার অপচেষ্টা চালানো হয়েছিল। তাঁদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালনের উদ্দেশ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ১৪ ডিসেম্বর ২০১৯ শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু পরিবেশে উদযাপনের লক্ষে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	কর্মসূচি / সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
ক)	১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭-০৫ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	
খ)	১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭-০৬ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	
গ)	১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭-২২ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	
ঘ)	১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৮-৩০ টা রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	
ঙ)	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পরিস্কার পরিচ্ছন্ন করণ ও রং করার কাজ নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই সুচারুরূপে সম্পন্ন করতে হবে। প্রতিবছরই দিবসের আগের দিন স্মৃতিসৌধের রং এর কাজ ও অন্যান্য সংস্কার কাজ সম্পন্ন হয়ে থাকে ফলে ঐদিন রং উঠতে শুরু করে। এমনটি যেন না সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	১. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি ২. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি

চ)	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও তদসংলগ্ন এলাকা, রায়ের বাজার বধ্যভূমি প্রবেশ মুখ ও তদসংলগ্ন এলাকার রাস্তা-ঘাট-ফুটপাত সংস্কার ও মেরামত এবং সড়ক বাতি স্থাপন/প্রতিস্থাপন ও সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়াও উক্ত এলাকার রোড মিডিয়ানের সৌন্দর্য বর্ধণের কাজ যথাসময়ের পূর্বে সম্পন্ন করতে হবে।	১. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি ২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি ৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল), ডিএনসিসি ৪. সৌন্দর্য বর্ধন সেল
ছ)	মিরপুর মাজার রোড থেকে স্মৃতিসৌধে প্রবেশ পথের দু'পাশের স্তম্ভে এবং পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালে সাঁটানো পোস্টার/লিফলেট/ব্যানার/ফেস্টুন অপসারণসহ প্রয়োজনীয় সংস্কার, মেরামত ও রং করার কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। মাজার রোডসহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সকল প্রবেশ পথ/সড়ক ও আশেপাশের এলাকা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে।	১. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি ২. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
জ)	পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি শীতকালে ও খুব ভোরে হওয়ায় ঐ সময় বেদীতে অনেক কুয়াশা পড়ে। স্থাপনাটি পুরাতন এবং সংস্কার না হওয়ায় বেদীর সিঁড়িগুলো পিচ্ছিল হয়ে যায়। এতে করে দুর্ঘটনার আশংকা থাকে। দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	৩. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি ৪. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
ঝ)	স্মৃতিসৌধ এলাকায় অবস্থিত পুকুর ও ২ জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের সমাধিতে নামফলক স্থাপন ও সমাধিস্থল পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে কাজটি সম্পন্ন করতে হবে।	৫. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি ৬. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
ঞ)	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের ভিআইপি প্রক্ষালন কক্ষটি পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
ট)	আগত সর্বসাধারণের ব্যবহারের জন্য মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিএনসিসি
ঠ)	সংশ্লিষ্ট এলাকার রাস্তায় যাতে ধুলাবালি না ওড়ে সেজন্য সড়কে পানি ছিটানোর অগ্রিম ব্যবস্থা করতে হবে। তবে রাস্তায় পানি ছিটানোর কারণে যেন কাদা সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিএনসিসি
ড)	শহিদ বুদ্ধিজীবী দিবসের ০২ (দুই) দিন পূর্ব থেকে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, রায়ের বাজার বধ্যভূমি ও তদসংলগ্ন এলাকায় মশার কীটনাশক ছিটাতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
ঢ)	শহিদ বুদ্ধিজীবী দিবসে মাননীয় মেয়রের শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুষ্পস্তবক তৈরি করে রাখতে হবে।	১. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি ২. মেয়রের একান্ত সচিব/সহকারী একান্ত সচিব, ডিএনসিসি
ণ)	মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসবি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি

সভাপতি শহিদ বুদ্ধিজীবী দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল হাই)
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন: ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

নম্বর : ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২- ৫৬২

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৬
০২ ডিসেম্বর ২০১৯

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত আসন (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. ভারপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. প্রধান নগর পরিকল্পনাবিদ (ভারপ্রাপ্ত), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. নির্বাহী প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. আহ্বায়ক, সৌন্দর্য বর্ধন সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এ কার্যবিবরণী ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করাসহ ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫. সহকারী সচিব (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৬. অফিস কপি।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
secretary@dncc.gov.bd